

কোটায় ভর্তি বিজ্ঞপ্তি


ডি-ইউনিটে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিভিন্ন কোটায় ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের জ্ঞাতব্য

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডি-ইউনিটের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় বিভিন্ন কোটায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থী ইউনিটভুক্ত বিভিন্ন বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে নিম্নে তাদের তালিকা প্রকাশ করা হল। কোটায় ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের নিম্নোক্ত সূচি অনুসারে নির্দিষ্ট তারিখে প্রার্থীর স্বাক্ষরসহ এক কপি ভর্তির প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম, বিভাগ পছন্দের ফরম, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস. এস. সি.ও এইচ. এস. সি. / সম্মানের মূল রেজিস্ট্রেশন কার্ড, মূল মার্কশীট এবং অন্যান্য মূল সনদ ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ অফিসে জমা দিতে হবে। যারা নির্দিষ্ট তারিখে অনুষদ অফিসে উপরোক্ত কাগজপত্রসহ 'অনুষদ উন্নয়ন' ফি বাবদ ৫০০/- (পাঁচশত টাকা) এবং 'শিক্ষা সহায়ক' ফি বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা জমা দিতে ব্যর্থ হবে পরবর্তীতে তাদের কাগজপত্র জমা নেয়া হবে না এবং তাদের ভর্তির প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ভর্তি প্রার্থীদের নিজ দায়িত্বে চ. বি.ওয়েবসাইট থেকে (<http://admission.eis.cu.ac.bd>) সর্বশেষ তথ্য সংগ্রহের জন্য বলা হচ্ছে।

ডি-ইউনিটে কোটায় ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তি কার্যক্রম সম্পাদনের সময়সূচি

অনুষদ অফিসে মূল কাগজপত্র এবং 'অনুষদ উন্নয়ন ও 'শিক্ষা সহায়ক' ফি জমার তারিখ	১৮.১২.২০১৭ - ২১.১২.২০১৭ পর্যন্ত
কোটায় ভর্তির জন্য মনোনীত সকল প্রার্থীর ব্যাংকে ভর্তি ফি জমা দেয়ার তারিখ	২৪.১২.২০১৭ - ২৮.১২.২০১৭ পর্যন্ত



(প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহামেদ)

ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ

ও

সমন্বয়কারি, ডি-ইউনিট ভর্তি কমিটি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। মাননীয় উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ২। মাননীয় উপ-উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল অনুষদের ডিন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৪। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৫। সভাপতি, অর্থনীতি/ রাজনীতি বিজ্ঞান/ সমাজতত্ত্ব/ লোকপ্রশাসন/ নৃবিজ্ঞান/ আন্তর্জাতিক সম্পর্ক/ যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ।
- ৬। হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৭। কো-অর্ডিনেটর, আই সি টি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৮। ডেপুটি রেজিস্ট্রার, তথ্য ও ফটোগ্রাফী শাখা, চ. বি. (বিভিন্ন আঞ্চলিক ও জাতীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)
- ৯। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা, চ. বি.
- ১০। বিজ্ঞপ্তি ফলক, সমাজ বিজ্ঞান অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।